# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা,** রোববার **১৯ জুন ২০১৬, ৫ আষাঢ় ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গুপ্ত হত্যার বিরুদ্ধে সোচ্চার হোন : সাংবাদিকদের সঙ্গে ইফতার মাহফিলে প্রধানমন্ত্রী
২। প্রতিবেশী দেশের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
৩। প্রয়োজনে ফের সাঁড়াশি অভিযান চালানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৪। রাজধানীর উত্তরায় খাল থেকে বিপুল পরিমাণ অস্ত্র-গুলি উদ্ধার
৫। বৈদ্যুতিক ট্রেন নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে : সংসদে রেলমন্ত্রী
৬। গুপ্ত হত্যা জঙ্গিবাদ মোকাবিলায় জাসদসহ ১৪ দল ঐক্যবদ্ধ : তথ্যমন্ত্রী
৭। কলেজ শিক্ষক হত্যাচেষ্টা মামলায় আসামি ফাহিম বন্দুকযুদ্ধে নিহত
৮। নৌপথ উন্নয়নে বাংলাদেশকে ৩৬০ মিলিয়ন ডলার আর্থিক সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক
৯। ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি শুরু
১০। গত ১ মাস ১০ দিনে বিভিন্ন ধরণের যানবাহনের বিরুদ্ধে ৫০ হাজার মামলা

চলমান পাতা-২

**১।	গুপ্ত হত্যার বিরুদ্ধে সোচ্চার হোন : সাংবাদিকদের সঙ্গে ইফতার মাহফিলে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলমান গুপ্তহত্যার ও ষড়যন্ত্রের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য সাংবাদিক সমাজের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, বিএনপি-জামায়াত জোটই যে পরিকল্পিতভাবে এসব গুপ্তহত্যা চালাচ্ছে মাদারীপুরের ঘটনায় তা প্রমাণিত হয়েছে। সেখানে একজন শিক্ষককে হত্যার চেষ্টা করতে গিয়ে এক শিবির কর্মী ধরা পড়েছে। জনগণই তাকে ধরেছে, আগামীতেও ধরবে, তাই যতই ষড়যন্ত্র-চক্রান্ত, হুমকি দেওয়া হোক না কেন যুদ্ধাপরাধীদের বিচার হবেই, বাংলাদেশের অগ্রযাত্রা কেউই রুখতে পারবে না। গতকাল **১৮** জুন শনিবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন এবং ঢাকা সাংবাদিক ইউনিয়ন এর যৌথ উদ্যোগে আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.**১**,ক.২), **ইত্তেফাক** (পৃ.**১৯**,ক.৭), **নিউজ টুডে** (পৃ.**১**,ক.**১**)।

**সংবাদ, যুগান্তর, ভোরের কাগজ, অবজারভার, ডেইলি সান, নিউ নেশনসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	প্রতিবেশী দেশের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দক্ষিণ এশীয় দেশগুলোর উন্নয়ন প্রক্রিয়া জোরদার করার জন্য প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা এবং যোগাযোগ উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, ‘দক্ষিণ এশীয় দেশগুলো তাদের মধ্যকার বিদ্যমান সুসম্পর্কের উত্তরণ ঘটিয়ে পারস্পরিক উন্নয়ন সাধন করতে পারে। একই সঙ্গে কানেকটিভিটির উন্নয়ন তাদের ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্র আরও সম্প্রসারিত করবে।’ বাংলাদেশ সফররত ভারতীয় লোকসভার সদস্য এবং সে দেশের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির ছেলে অভিজিত মুখার্জি গতকাল **১৮** জুন শনিবার প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ ভবনস্থ কার্যালয়ে তার সঙ্গে সাক্ষাৎ করতে এলে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ** (পৃ.৩,ক.**১**), **ডেইলি সান** (পৃ.৩,ক.২),
**ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**ইত্তেফাক, ভোরের কাগজ, জনকণ্ঠ, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩।	প্রয়োজনে ফের সাঁড়াশি অভিযান চালানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

সাত দিনের সাঁড়াশি অভিযান সফল হয়েছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, প্রয়োজনে আবারও অভিযান শুরু করা হবে। গতকাল **১৮** জুন শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাজী মোতাহার হোসেন ভবনের মাঠে বাংলাদেশ আইন সমিতি আয়োজিত ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠান শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.**১**), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**৪।	রাজধানীর উত্তরায় খাল থেকে বিপুল পরিমাণ অস্ত্র-গুলি উদ্ধার**

রাজধানীর মিরপুর-আশুলিয়া বেড়ি বাঁধসংলগ্ন খাল থেকে ৯৭ টি পিস্তল, ৪৬২টি ম্যাগাজিন, **১০**টি বেয়োনেট ও সহস্রাধিক রাউন্ড গুলি উদ্ধার করেছে পুলিশ। উদ্ধারকৃত পিস্তলের মধ্যে ৯৫টি সেভেন পয়েন্ট ৬২ বোরের চাইনিজ পিস্তল, বাকি ২টি স্থানীয়ভাবে তৈরি। গতকাল **১৮** জুন শনিবার গোপন খবরের ভিত্তিতে তুরাগ থানার পঞ্চবটি এলাকায় বৌদ্ধ মন্দিরের পেছনে ফায়ার সার্ভিসের ডুবুরিদের সহায়তায় পুলিশ এসব অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করে। রাত **১২**টা পর্যন্ত অস্ত্রের খোঁজে ডুবুরিরা সার্চলাইট জ্বালিয়ে তল্লাশি চালায়। আজ **১৯** জুন সকালে পুনরায় তল্লাশি চালানো হবে বলে জানিয়েছে পুলিশ। ঘটনার পর থেকে র‌্যাব, পুলিশসহ বিভিন্ন সংস্থার বিপুলসংখ্যক সদস্য পুরো এলাকা ঘিরে রেখেছে। সূত্র-**যুগান্তর (পৃ.১,ক.৫), ইত্তেফাক** (পৃ.**১**,ক.২), **ডেইলি সান** (পৃ.**১**,ক.৭)।

**সংবাদ, ভোরের কাগজ, জনকণ্ঠ, অবজারভার, নিউজ টুডে, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫।  বৈদ্যুতিক ট্রেন নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে : সংসদে রেলমন্ত্রী**

বাংলাদেশ রেলওয়েতে বৈদ্যুতিক ট্রেন চালু করার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে রয়েছে বলে সংসদকে জানিয়েছেন রেলপথমন্ত্রী মুজিবুল হক। জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে পৃথক প্রশ্নের জবাবে গতকাল ১৮ জুন শনিবার রেলমন্ত্রী এ কথা বলেন। রেলমন্ত্রী আরও বলেন, রেলওয়েতে বৈদ্যুতিক ট্রেন চালুর জন্য নারায়ণগঞ্জ থেকে ঢাকা হয়ে চট্টগ্রাম পর্যন্ত 'ইলেকট্রিক ট্র্যাকশন লাইন' চালুর সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রণয়ন



করে পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে। সমীক্ষা প্রস্তাবটি অনুমোদন হলে বৈদ্যুতিক রেল চালুর বিষয়ে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। সূত্র-**সমকাল (পৃ.৪,ক.১), ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৬।  গুপ্ত হত্যা জঙ্গিবাদ মোকাবিলায় জাসদসহ ১৪ দল ঐক্যবদ্ধ : তথ্যমন্ত্রী**

জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদের সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জাসদ ও আওয়ামী লীগের মধ্যে অতীত নিয়ে বিতর্কে খালেদা জিয়ার খুশি হওয়ার কিছু নাই। তিনি বলেন, যুদ্ধাপরাধের বিচার, বঙ্গবন্ধু হত্যার বিচার, ২১ আগষ্ট গ্রেনেড হামলার বিচার, আগুন সন্ত্রাস ও আগুনে পুড়িয়ে মানুষ হত্যার বিচার, দুর্নীতির মামলার বিচার, গুপ্ত হত্যা-উগ্রবাদ-জঙ্গিবাদ মোকাবেলার প্রশ্নে জাসদ ও আওয়ামী লীগসহ ১৪ দল ঐক্যবদ্ধ। গতকাল ১৮ জুন শনিবার জাসদের কার্যালয়ে দলের কেন্দ্রীয় কার্যকরী কমিটির সম্মেলনোত্তর প্রথম সাধারণ সভার সূচনা বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক (পৃ.২,ক.২), সমকাল (পৃ.২,ক.২), জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

**৭।  কলেজ শিক্ষক হত্যাচেষ্টা মামলায় আসামি ফাহিম বন্দুকযুদ্ধে নিহত**

মাদারীপুর সরকারি নাজিমউদ্দিন কলেজের গণিত বিভাগের শিক্ষক রিপন চক্রবর্তীকে কুপিয়ে হত্যার চেষ্টা মামলায় রিমান্ডের আসামি গোলাম ফায়েজুল্লাহ ফাহিম বন্দুকযুদ্ধে নিহত হয়েছে। গতকাল ১৮ জুন শনিবার মাদারীপুর সদর উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের মিয়ারচর গ্রামে এ বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে। এ সময় দুর্বৃত্তদের ছোঁড়া গুলিতে সদর থানার পুলিশ সদস্য আলী হোসেন গুরুতর আহত হন। তাকে উদ্ধার করে প্রথমে মাদারীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে তাকে ঢাকার রাজারবাগ পুলিশ লাইন্স হাসপাতালে পাঠানো হয়। ঘটনাস্থল থেকে একটি আগ্নেয়াস্ত্র, ২ রাউন্ড তাজা গুলি, ৪ রাউন্ড গুলির খোসা ও ১টি রাইফেলের গুলির খোসা উদ্ধার করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)। **ইত্তেফাক, যুগান্তর, সমকাল, ডেইলি সান, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮।  নৌপথ উন্নয়নে বাংলাদেশকে ৩৬০ মিলিয়ন ডলার আর্থিক সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক**

নৌপথ উন্নয়নে বাংলাদেশকে ৩৬০ মিলিয়ন ডলার আর্থিক সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক। দেশের নদীগুলোর নাব্যতা বৃদ্ধি ও নৌপথ দিয়ে সারা বছর যাত্রী ও পণ্য পরিবহনের পরিবেশ নিশ্চিত করতে এই আর্থিক সহায়তা দিচ্ছে সংস্থাটি। প্রকল্পটি বাস্তবায়ন হলে দেশের অভ্যন্তরে পণ্য ও যাত্রী পরিবহনের ব্যয় ও সময় দুটিই বাঁচবে। শূন্য দশমিক ৭৫ শতাংশ সার্ভিস চার্জে এবং বিনা সুদে আগামী ৩৮ বছরের এই সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক। সম্প্রতি ওয়াশিংটনে অবস্থিত বিশ্বব্যাংকের কার্যালয়ে এ অনুমোদন দেয় সংস্থাটির বোর্ড। গত ১৭ জুন শুক্রবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বিশ্বব্যাংক। সূত্র-**সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইনকিলাব (পৃ.৪,ক.২) ভোরের কাগজ** (পৃ. ৯,ক.২)।

**৯।  ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি শুরু**

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীরা গতকাল ১৮ জুন শনিবার ভর্তি হতে শুরু করেছে। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির জন্য তারা ২২ জুন পর্যন্ত সময় পাবে। এরপর ২৫ জুন থেকে ২৭ জুন পর্যন্ত অপেক্ষামাণ তালিকা থেকে ভর্তির কার্যক্রম শুরু হবে। সূত্র- **প্রথম আলো** (পৃ.৪,ক.৬),
**সংবাদ** (শেষ পৃ.,ক.৬)**, যুগান্তর** (শেষ পৃ.,ক.৪)।

**১০। গত ১ মাস ১০ দিনে বিভিন্ন ধরণের যানবাহনের বিরুদ্ধে ৫০ হাজার মামলা**

ঢাকা মেট্রোপলিটন এলাকায় গত ১ মাস ১০ দিনে বিভিন্ন ধরণের যানবাহণের বিরুদ্ধে ৫০ হাজার মামলা করেছে  ট্রাফিক বিভাগ। এর মধ্যে শুধু মোটরসাইকেলের বিরুদ্ধে ৪০ হাজার মামলা এবং একই সময়ে উল্টো পথে গাড়ি চালানোর অপরাধে বিভিন্ন ধরনের যানবাহণের বিরুদ্ধে ১০ হাজার মামলা হয়েছে। ডিএমপি যুগ্ম কমিশনার মুসলেহউদ্দিন আহমেদ বিষয়টি নিশ্চিত করেছেন। গতকাল ১৮ জুন শনিবার আগারগাঁও মোড়ে অভিযান চালায় যুগ্ম কমিশনার মুসলেহউদ্দিন আহমেদসহ ট্রাফিক বিভাগের কর্মকর্তারা। সুত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, অবজারভার :** পুলিশের জঙ্গিবিরোধী বিশেষ অভিযানের মধ্যেই ঢাকার রামকৃষ্ণ মিশনের প্রধান পুরোহিতকে চিঠি দিয়ে হত্যার হুমকি ও কুষ্টিয়ায় একটি সেবাশ্রমের সেবায়েতকে মুঠোফোনে হুমকি দেওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে আরও সচেতন হওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** অতিরিক্ত পাথর বোঝাই দুটি ট্রাক একসাথে পিরোজপুরের মঠবাড়িয়া-চরখালী সড়কের একটি পুরাতন বেইলি ব্রিজে উঠে পড়ায় তা ধসে পড়েছে উল্লেখ করে আইন অমান্য করে অতিরিক্ত মালামাল বহনকারী যানবাহন নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** ঢাকা মাত্রাতিরিক্ত বায়ুদূষণে বিপর্যস্ত হওয়ার জন্য ত্রুটিপূর্ন যানবাহন চলাচল ও হাজারিবাগের ট্যানারি কারখানা দায়ী উল্লেখ করে এ ব্যাপারে সরকারকে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ, সমকাল, যায়যায়দিন :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের গুরুত্বপূর্ণ অংশ অতিরিক্ত ওজনবাহী যান চলাচলের কারণে দেবে যাওয়ায় ঈদে ঘরমুখো মানুষ দুর্ভোগে পড়বে এ আশংকায় দেবে যাওয়া অংশগুলো দ্রুত সংস্কারের জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে দৃষ্টি আকর্ষণ।

ঙ. **ইনকিলাব :** ভৈরব, রূপসা, পশুর ও ময়ূরী নদীর পানির নমুনা পরীক্ষা করে তা ক্রমশ ব্যবহারযোগ্যতা হারাচ্ছে এ তথ্য পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে নদী বাঁচাতে ও পানি ব্যবহারযোগ্য রাখতে জাতীয় মহাপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন জরুরি বলে মত প্রকাশ।

চ. **ডেইলি স্টার :** তিস্তা ব্যারেজের ৪৪টি গেট খুলে দেওয়ায় লালমনিরহাটের পাঁচটি উপজেলায় হঠাৎ করে বন্যা দেখা দেওয়ায় জনদুর্ভোগের চিত্র তুলে ধরে সরকারকে দ্রুত তাদের নিরাপত্তার ও পর্যাপ্ত ত্রাণ সামগ্রির ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ নেশন :** হোটেল, রেস্টুরেন্টের খাবার, সেমাই, মৌসুমী ফলমূলসহ অন্যান্য খাদ্যপণ্য ভেজাল ও রাসায়নিক মুক্ত রাখতে এসব কে আরো তত্ত্বাবধানে ও কঠোর নিয়ন্ত্রণে রাখার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউজ টুডে :** গ্লোবাল নিউট্রেশন রিপোর্টের ৮টি পুষ্টি নির্দেশনার মধ্যে মাত্র দুটিতে বাংলাদেশ উন্নতি করলেও অবশিষ্টগুলো উন্নয়নের জন্য স্বাস্থ্যখাতে বাজেট বরাদ্দ বাড়ানোর আহ্বান।

ঝ. **নিউ নেশন :** দেশ থেকে ১০০ কোটি টাকা পাচারের অপরাধে একটি গার্মেন্টস কারখানার মালিকের বিরুদ্ধে জাতীয় রাজস্ব বোর্ড মানি লন্ডারিংয়ের মামলা করার বিষয় তুলে ধরে এ ব্যাপারে দেশের স্বার্থে কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ এজ, ইনকিলাব :** স্কুলের নোট বই ও গাইড বই প্রকাশের ও বিকাশের সাথে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে মানসম্পন্ন শিক্ষার ক্ষেত্রে সবচেয়ে বড় ভূমিকা শিক্ষকের বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'সংকট উত্তরণের উপায় কি নাই'** শিরোনামের নিবন্ধে ড. সুলতান মাহমুদ রানা জঙ্গি ও সন্ত্রাস নির্মূলের জন্য রাজনৈতিক দলগুলোকে পারস্পরিক দ্বন্দ্ব এবং সাধারণ মানুষকে অনৈক্য ও বিভেদ ভুলে জঙ্গি দমনে ঐক্যবদ্ধ হতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

**#**

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা